

WE ARE YOUR DOL



Department
of Labor

অপসারণ বা বিচ্ছেদ বেতন ও আপনার বেকারত্ব বিমার সুবিধা

এই তথ্যপত্র আপনাকে বলে দেয় যে আপনার অপসারণ বা বিচ্ছেদ বেতন কীভাবে আপনার বেকারত্ব বিমা (UI) এর সুবিধাগুলি পাওয়ার যোগ্যতাকে প্রভাবিত করতে পারে।

অপসারণ বা বিচ্ছেদ বেতন কাকে বলে?

UI আইনে অপসারণ বেতনকে চাকরির থেকে বিচ্ছেদের কারণে কর্মচারীর প্রতি নিয়োগকর্তার অর্থপ্রদান বলে সংজ্ঞা দেওয়া হয়েছে। বিচ্ছেদ বেতনকে অপসারণ বেতন বলে বিবেচনা করা হয়। এই অর্থ খেপে খেপে বা থোক হিসেবে প্রদান করা হতে পারে।

অপসারণ/বিচ্ছেদ বেতনের মধ্যে পেনশন, অবসর, জমা হওয়া ছুটি ও স্বাস্থ্যবিমা বাবদ অর্থপ্রদান বা পরিপূরক বেকারত্বের সুবিধার অর্থপ্রদান থাকে না।

WARN বেতন – ওয়ার্কার অ্যাডজাস্টমেন্ট অ্যান্ড রিট্রেনিং নোটিফিকেশন আইন(Worker Adjustment and Retraining Notification Act, শ্রম আইনের ধারা 25-A) এর অধীনে প্রদত্ত অর্থ – অপসারণ/বিচ্ছেদ বেতন বলে বিবেচিত হয় না। WARN আইনে বলা হয়েছে যে WARN আইনের অধীনে অর্থপ্রাপ্তির কারণে UI এর সুবিধা প্রত্যাখ্যান করা বা কমানো যাবে না।

থোক হিসেবে অপসারণ/বিচ্ছেদ বেতন পেলে কি তার ক্ষেত্রে একটি নির্দিষ্ট সময় ধরে অর্থপ্রদানের থেকে ভিন্ন ব্যবস্থা করা হবে?

না। আপনার চাকরির শেষদিনের 30 দিনের মধ্যে আপনার পাওয়া অর্থ, থোক হিসেবেই হোক, বা আপনাকে নির্দিষ্ট সময় ধরে অর্থপ্রদান করা হোক, তা UI সংশোধনের অধীনে আপনার সুবিধাকে প্রভাবিত করতে পারে।

সাধারণভাবে, আপনার অপসারণ/বিচ্ছেদ বেতনের চুক্তি বা পরিকল্পনায় থোক অর্থপ্রদানের আওতায় আসা সময়কালের স্পষ্ট উল্লেখ থাকবে। তা না হলে, শ্রম বিভাগের টেলিফোন ক্লেমস সেন্টার থোক অর্থপ্রদানের আওতায় আসা সময়কাল নির্ধারণ করবে। থোক হিসেবে অপসারণ/বিচ্ছেদ বেতনের অর্থপ্রদানের আওতায় আসা সময়কালের দৈর্ঘ্য নির্ধারণ করতে তারা আপনার স্থূল গড় সাপ্তাহিক বেতন অথবা ক্যালেন্ডার ত্রৈমাসিক হিসেবে ভিত্তির সময়কালের* প্রকৃত স্থূল গড় সাপ্তাহিক বেতনকে পরীক্ষা করবেন।

আমি অপসারণ/বিচ্ছেদ বেতন পেলে তা কীভাবে আমার সুবিধাগুলিকে প্রভাবিত করতে পারে?

আপনি আপনার চাকরির শেষদিনের 30 দিনের মধ্যে অপসারণ/বিচ্ছেদ বেতন পেলে আপনি সঙ্গে সঙ্গে এই সুবিধাগুলি পাওয়ার যোগ্য হবেন না যদি:

- আপনার অপসারণ/বিচ্ছেদ বেতন আপনার সর্বাধিক সাপ্তাহিক UI সুবিধার হারের চেয়ে বেশি হয় অথবা
- আপনার নিয়োগকর্তা আপনাকে একটি থোক অর্থপ্রদান করেন এবং এই প্রদত্ত অর্থের সাপ্তাহিক প্রো-রেটেড রাশি আপনার সর্বাধিক সাপ্তাহিক UI সুবিধার হারের চেয়ে বেশি হয়

আপনি সুবিধা পাওয়ার যোগ্য হবেন যদি:

- অপসারণ/বিচ্ছেদ বেতনের সাপ্তাহিক রাশি সর্বাধিক সাপ্তাহিক UI সুবিধার হারের সমান হয় অথবা
- অপসারণ/বিচ্ছেদ বেতন বন্ধ করে দেওয়া হয় এবং আপনার ভিত্তির সময়কালে* একটি দাবি প্রতিষ্ঠা করার মতো যথেষ্ট উপারজন থেকে থাকে

আপনি আপনার অপসারণ/বিচ্ছেদ বেতন আপনার চাকরির শেষদিনের থেকে 30 দিনের বেশি সময় পরে পেয়ে থাকলে আপনি UI সুবিধাগুলি পেতে পারবেন, যদি আপনি যোগ্যতার অন্যান্য প্রয়োজনীয়তাগুলি পূরণ করেন।

আপনি অপসারণ/বিচ্ছেদ বেতন পাবেন কিনা সে ব্যাপারে নিশ্চিত না হলে আপনাকে সুবিধার দাবি দায়ের করতে হবে এবং আপনি যোগ্য কিনা তা আমাদের নির্ধারণ করতে দিতে হবে। যদিও, আপনি আপনার চাকরির শেষদিনের 30 দিনের মধ্যে অপসারণ/বিচ্ছেদ বেতনের অর্থ পেয়ে গেলে আপনার টেলিফোন ক্লেমস সেন্টারে ফোন করা আবশ্যিক। আপনি সঙ্গে সঙ্গে ফোন না করলে আপনি সুবিধার অর্থের অতিরিক্ত অর্থ পেয়ে যেতে পারেন, যা আপনাকে ফেরত দিতে হতে পারে। আপনাকে শাস্তিসাপেক্ষও করা হতে পারে।

আমি কীভাবে জানবো যে অপসারণ/বিচ্ছেদ বেতনের উদ্দেশ্যে আমার চাকরির শেষদিন কোনটা ছিল?

আপনার চাকরির শেষদিন হল আপনি শেষ যেদিন প্রকৃতপক্ষে কাজ করেছেন অথবা নির্ধারিত অবকাশ বা চিকিৎসা সংক্রান্ত ছুটির মতো সবেতন ছুটিতে ছিলেন।

আমি অপসারণ/বিচ্ছেদ বেতন পেলে কি লেনদেনের সমন্বয় সহায়তা (TAA) বা লেনদেনের পুনঃসমন্বয় ভাতার (TRA) যোগ্য থাকবো?

বিচ্ছেদ বেতন পাওয়া আপনার TAA এর যোগ্যতাকে প্রভাবিত করবে না। যদিও, এটা আপনার TRA পাওয়ার যোগ্যতাকে প্রভাবিত করবে। TRA হল একটি সাপ্তাহিক ভাতা যা আপনার UI সুবিধাগুলি পাওয়ার যোগ্যতা নিঃশেষ হয়ে যাওয়ার পর প্রদেয়। TRA এর যোগ্য হতে গেলে আপনাকে প্রথমে UI সুবিধাগুলির যোগ্য হতে হবে। এর অর্থ হল অপসারণ/বিচ্ছেদ বেতন প্রাপ্তি আপনাকে UI সুবিধা পাওয়ার অযোগ্য করে তুললে আপনি TRA পাওয়ার যোগ্য হবেন না।

অনুগ্রহ করে লক্ষ্য করুন: যদিও আপনি শুরুতে অপসারণ/বিচ্ছেদ বেতন পেতে থাকার কারণে UI সুবিধাগুলির যোগ্য না হলেও আপনার অপসারণ/বিচ্ছেদ বেতন শেষ হওয়ার পর আপনি বেকারত্ব বিমার সুবিধা পাওয়ার যোগ্য হতে পারেন।

অপসারণ/বিচ্ছেদ বেতনের সময়কাল শেষ হওয়ার পর একটি নতুন দাবির প্রতিষ্ঠা করতে কি অপসারণ/বিচ্ছেদ বেতনকে ব্যবহার করা যাবে?

না। কেবলমাত্র একটি নতুন দাবির ভিত্তির সময়কাল* চলাকালীন প্রকৃত চাকরির মজুরি বা উপার্জনকেই একটি নতুন দাবি প্রতিষ্ঠা করতে ব্যবহার করা যাবে।

অপসারণ/বিচ্ছেদ বেতন সংক্রান্ত আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট www.labor.ny.gov/ui/claimantinfo/reform-faq.shtm-এ থাকা প্রায়শ জিজ্ঞাসিত প্রশ্নাবলী দেখে নিন।

*ভিত্তির সময়কাল: UI সুবিধাগুলির যোগ্যতা অর্জন করতে আপনাকে প্রদত্ত ন্যূনতম মজুরির রাশির সময়কাল ক্যালেন্ডারের চারটি সম্পূর্ণ হওয়া তিনমাস হওয়া আবশ্যিক।